



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ০৮.০৫.২০১৭ খ্রি:

নানা আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬ তম জন্মবার্ষিকী উদ্‌যাপন

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬ তম জন্মবার্ষিকী উপলক্ষে নানা আয়োজনের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্‌যাপিত হলো ২৫ শে বৈশাখ। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের আয়োজনে অদ্য ২৫ শে বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দে সকাল ১১ টায় কীর্তনখোলা হলে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলা বিভাগের চেয়ারম্যান শারমিন আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। অনুষ্ঠানে বাংলা বিভাগের শিক্ষার্থীদের পরিবেশনায় রবীন্দ্র সঙ্গীত, কবিতা আবৃত্তি, নৃত্য পরিবেশনা ও নাটক মঞ্চায়ন করা হয়। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন পৃথিবীতে এমন কিছু মানুষ আসে যারা তাদের কর্মের দ্বারা যুগযুগ ধরে পরিচিত হয়ে থাকে, এ রকমই একজন হচ্ছেন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর। তিনিই একমাত্র কবি যিনি ৩টি দেশের জাতীয় সঙ্গীতের রচয়িতা, অন্যকোন কবির ক্ষেত্রে এ বিরল ইতিহাস আর নেই। রবীন্দ্রনাথ তাঁর কবিতায় সমাজের সব দিকগুলো তুলে নিয়ে এসেছেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে রবীন্দ্রনাথের একএকটি গানই আমাদের প্রেরণা যুগিয়েছে। তাই রবীন্দ্রসঙ্গীতকে কোন ভাবেই বিকৃতরূপে উপস্থাপন করা যাবে না। উপাচার্য মহোদয় প্রকৃতসুরে রবীন্দ্রসঙ্গীত পরিবেশনের জন্য সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেন, এবারের রবীন্দ্র জন্মজয়ন্তীতে আমাদের অঙ্গীকার হোক শুদ্ধসুরে রবীন্দ্রসঙ্গীত চর্চা। এ দিকে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী উপলক্ষে ‘বরিশাল ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি’র আয়োজনে সংগঠনের চিফ মডারেটর ইংরেজি বিভাগের চেয়ারম্যান তানভীর কায়ছারের সভাপতিত্বে উপাচার্য ও ট্রেজারার মহোদয়ের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের নিচতলায় বিকাল ৩.৪০ মিনিটে এক রবীন্দ্র সাহিত্য বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ২৫ শে বৈশাখ উদ্‌যাপনের এ অনুষ্ঠানাদিতে বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর, বিভাগীয় প্রধানগন, ছাত্র উপদেষ্টাবৃন্দ, শিক্ষকমণ্ডলী, পরিচালকগন, ডিবেটিং সোসাইটি’র নেতৃবৃন্দ এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)